তারিখ 4 JUN 1992
পৃষ্ঠা ২ কলাম ৪

178

# জাকসুতে ছাত্রদল জয়ী

বুধবার জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছে।

এছাড়া ৭টি হল সংসদের ৯১টি আসনের মধ্যে ছাত্রদল ৮৯টি আসনে বিজয়ী হয়েছে। হল সংসদের বাকী দুটি আসন পেয়েছে গণতান্ত্রিক ছাত্রঐক্য।

জাকসু ভিপি নির্বাচিত হয়েছেন ছাত্রদলের মাসুদ হাসান তালুকদার লিটন (৯৫১)। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন

(আটের পাতায় ৩-এর কঃ দ্রঃ)

## জাকসুতে ছাত্রদল জয়ী

( প্রথম পৃষ্ঠার পর )

ছাত্র লীগের মোঃ মহিবুল্লাহ (৪২৬)। জিএস নির্বাচিত হয়েছেন ছাত্রদলের শামসুল তাবরীজ মিঠু (৮১৯)। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন ছাত্রলীগের সাদেকা সুলতানা মিতু (৬২২)। এজিএস নির্বাচিত হয়েছেন মফিজুর রহমান বাদল (৮৯০)। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছাত্রলীগের সারোয়ার হোসেন (৪৭১)। জাকসুতে নির্বাচিত অন্যরা হলেন : মহিলা মিলনায়তন সম্পাদিকা শামীমা সরকার শোভা, সমাজসেবা সম্পাদক আসাদুল্লাহ আসাদ, সামাজিক ও চিত্তবিনোদন সম্পাদক মোমিনুল হক জুয়েল, নাট্য সম্পাদক আবুল হাসিব মোঃ আবদুল্লাহ, ক্রীড়া সম্পাদক শরীফুল ইসলাম সেলিম, সহক্রীড়া সম্পাদক তুহিন বড়ুয়া। জাকসুতে নির্বাচিত ৫ জন কার্যকরী সদস্য হলেন : মোস্তফা কামাল পাশা, জিয়াউল কবির সাধন, শাহ আলম বিপ্লব, মাহবুব আলম তালুকদার হিরো ও জাকির হোসেন।

হল সংসদের নির্বাচনে মীর মোশাররফ হোসেন হলের এজিএস পদে রফিজউদ্দিন এবং ফজিলাতুন্নেসা হলের সদস্যা জিনাত আরা ছাড়া বাকী সব আসনে জাতীয়তাবাদী ছাত্রদলের প্রার্থীরা বিজয়ী হয়েছেন।

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের নবম জাকসু ও হল ছাত্র সংসদসমূহের নির্বাচন বুধবার বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যে অনুষ্ঠিত হয়।

শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত নির্বাচনে সকাল নয়টা থেকে বিকাল তিনটা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ করা হয়।

নির্বাচনে ১০৭টি আসনের জন্য ২৬৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করে। এর মধ্যে জাকসুর ১৬টি পদে ৬২ জন এবং ৭টি হল সংসদের ৯১টি পদের ৭৭টিতে ১৫৫ জন প্রার্থী অংশ নেন। বাকী ১৪টি পদে কোন প্রতিদ্বন্দ্বী না থাকায় প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হন এবং এরা সবাই জাতীয়তাবাদী ছাত্রদল মনোনীত প্রার্থী।

এবার মোট ভোটার ছিলেন ১৯০১ জন। ভোট দিয়েছেন ১৬৮৮ জন।